



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৭.১৯.৪৬২

তারিখ: ১৩ পৌষ ১৪২৭

২৮ ডিসেম্বর ২০২০

বিষয়: আইসিটি বিষয়ে নিয়োগপ্রাপ্ত প্রদর্শক এমপিওভুক্তির লক্ষ্যে রিট পিটিশন ২৮৮৯-২০২০ দায়ের করণ প্রসঙ্গে।

বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন চৌধুরী আদর্শ ডিগ্রি কলেজের কম্পিউটার প্রদর্শক জনাব মোঃ মকবুল হোসেন অত্র অধিদপ্তরের বিগত ২৬/০২/২০২০খ্রি. তারিখে এমপিওভুক্তির বিষয়ে একটি আবেদন দাখিল করেন। উক্ত আবেদনের বিষয়ে কোন কার্যক্রম না করার কারণের তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২৮৮৯/২০২০ দায়ের করেন।

উক্ত রিট পিটিশন মামলায় সচিব গংকে বিবাদী করা হয়েছে। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ দায়েরকৃত রিট পিটিশন নং ২৮৮৯/২০২০ গত ২৩/০৮/২০২০ খ্রি. তারিখের অন্তর্বর্তীকালীন আদেশে পিটিশনারের ২৬/০২/২০২০খ্রি. তারিখের আবেদনটি আদেশ প্রাপ্তির ৪৫ দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেন।

আইন শাখার মতামত: মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ দায়েরকৃত রিট পিটিশন নং ২৮৮৯/২০২০ গত ২৩/০৮/২০২০ খ্রি. তারিখের আদেশ অনুসারে পিটিশনারের ২৬/০২/২০২০খ্রি. তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে এবং পিটিশনারকে অবহিত করতে হবে।

আবেদন পর্যালোচনায় দেখা যায়- পিটিশনার ২০০৩ সালে কম্পিউটার/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের প্রদর্শক পদে নিয়োগ প্রাপ্ত হন। ২০১০ সালে প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত হয়। তিনি এমপিওভুক্ত হতে পারেন নি। বর্ণিত বিষয়ে উল্লিখিত শিক্ষক এর নিয়োগকালীন জনবল কাঠামো ও এমপিও নীতিমালা - ১৯৯৫ এ কম্পিউটার প্রদর্শন পদটি প্যাটার্নভুক্ত ছিল না। বর্ণিত প্রদর্শকের এমপিওভুক্তির সুযোগ নেই মর্মে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হইল।

২৮-১২-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

জনাব মোঃ মকবুল হোসেন, প্রদর্শক (কম্পিউটার)

চৌধুরী আদর্শ মহিলা কলেজ, শিবগঞ্জ, বগুড়া।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০০৭.১৯.৪৬২/১

তারিখ: ১৩ পৌষ ১৪২৭

২৮ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সভাপতি, গভর্নিং বডি, চৌধুরী আদর্শ মহিলা ডিগ্রি কলেজ, বগুড়া।

২) অধ্যক্ষ, চৌধুরী আদর্শ মহিলা ডিগ্রি কলেজ, বগুড়া।

৩) শিক্ষা অফিসার-১, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২৮-১২-২০২০

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক